রাজশাহী কলেজ, রাজশাহী
ডকেট নং ......২২০
তারিখ........২৪/০২/২০২৬
স্থাপিত- ১৮৭৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালকের কার্যালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
রাজশাহী অঞ্চল, রাজশাহী
director.edu.raj@gmail.com
www.dshe.rajshahidiv.gov.bd

স্মারক নং: মাউশি/রাজ/২০২৬/০৮৪

তারিখ: ১১ ফাল্গুন ১৪৩২ ব. / ২৩ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি.

## প্রশিক্ষণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

বিষয়: সরকারি কলেজে কর্মরত প্রভাষক/সহকারী অধ্যাপক/সহযোগী অধ্যাপকগণের জন্য ০৩ মার্চ ২০২৬ খ্রি.-১৬ মার্চ ২০২৬ খ্রি. পর্যন্ত চৌদ্দ (১৪) দিন মেয়াদে নায়েমে অনুষ্ঠিতব্য "২৮ তম প্রকল্প ব্যবস্থাপনা কোর্স" এ প্রশিক্ষণে আগ্রহী প্রশিক্ষণার্থীগণের নাম প্রেরণ প্রসঙ্গে

সূত্র: নায়েম এর স্মারক নং: ৩৭.০৪.০০০০.৩০০.২৫.০১৭.২২/১৮৮৫ তারিখ: ২৩/০২/২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, সরকারি কলেজে পর্যায়ে কর্মরত প্রভাষক/সহকারী অধ্যাপক/সহযোগী অধ্যাপকগণের জন্য ০৩ মার্চ ২০২৬ খ্রি.-১৬ মার্চ ২০২৬ খ্রি. পর্যন্ত চৌদ্দ (১৪) দিন মেয়াদে নায়েমে অনুষ্ঠিতব্য "২৮ তম প্রকল্প ব্যবস্থাপনা কোর্স" এ প্রশিক্ষণে এ আপনার প্রতিষ্ঠান হতে আগ্রহী প্রশিক্ষণার্থীগণের নামের তালিকা নিম্নোক্ত ছক মোতাবেক আগামি ২৫/০২/২০২৬ খ্রি. তারিখের মধ্যে nikosh ban ফন্টে ওয়ার্ড কপি ও পিডিএফ কপি director.edu.raj.training@gmail.com ই-মেইলে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

| ক্রমিক .নং | প্রশিক্ষণার্থীর নাম, আইডি/ইনডেক্স | পদবী ও বিষয় | প্রতিষ্ঠানের নাম ও ই-মেইল | প্রশিক্ষণার্থীর মোবাইল নম্বর ও ই-মেইল (ইংরেজিতে) | মন্তব্য |
|---|---|---|---|---|---|

২৩/০২/২৬

(প্রফেসর মোহা. আছাদুজ্জামান -৫২৫০)
পরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
রাজশাহী অঞ্চল, রাজশাহী
ফোন: ০২৪৭-৮১২৪৫৮

অধ্যক্ষ
সরকারি কলেজ (সকল)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
রাজশাহী অঞ্চল, রাজশাহী।

স্মারক নং: মাউশি/রাজ/২০২৬/০৮৪(৩)

তারিখ: ১১ ফাল্গুন ১৪৩২ ব. / ২৩ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:
১।মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি, ঢাকা;
২। পরিচালক, প্রশাসন ও অর্থ, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি, ঢাকা;
৩। সংরক্ষণ নথি।

২৩/০২/২৬

(প্রফেসর মোহা. আছাদুজ্জামান-৫২৫০)
পরিচালক
মাধ্যমিক ও উচ্চশিক্ষা
রাজশাহী অঞ্চল, রাজশাহী
ফোন: ০২৪৭৮১২৪৫৮

CS CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
নায়েম রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫
www.naem.gov.bd

নং: ৩৭.০৪.০০০০.৩০০.২৫.০১৭.২২/ ১৮৮৫

তারিখ: ১০.১১.১৪৩২ বঙ্গাব্দ
২৩.০২.২০২৬ খ্রিষ্টাব্দ

**বিষয়: ২৮তম প্রকল্প ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণার্থী মনোনয়ন**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ০৩-০৩-২০২৬-১৬.০৩.২০২৬খ্রি. পর্যন্ত ০২(দুই) সপ্তাহব্যাপী জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)-এ ২৮তম প্রকল্প ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হবে। এ কোর্সটি শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন দপ্তর/প্রতিষ্ঠানের কর্মকর্তাগণের জন্য নির্ধারিত। উক্ত কোর্সে তাঁর আওতাধীন বিভিন্ন দপ্তর/প্রতিষ্ঠান হতে ০৪ (চার) জন কর্মকর্তাকে মনোনয়ন দেয়ার জন্য অনুরোধ করা হলো। নিম্নলিখিত বিষয়সমূহের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো:

১. অফিসের ক্ষেত্রে প্রথম শ্রেণির কর্মকর্তা এবং কলেজের ক্ষেত্রে প্রভাষক (স্থায়ীকরণকৃত)/সহকারী অধ্যাপক/সহযোগী অধ্যাপককে মনোনয়ন দেয়ার জন্য অনুরোধ করা হলো;
২. যাঁদের বয়স ৫৭ বছর অতিক্রম করেছে তাঁদের এ প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করার প্রয়োজন নেই;
৩. যে সকল কর্মকর্তা বিগত ০১(এক) বছরের মধ্যে নায়েম পরিচালিত কোনো প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করেছেন তাঁদের মনোনয়ন দেয়া যাবে না;
৪. মনোনীত কর্মকর্তাগণ কোর্স শুরুর অন্তত ০৩(তিন) দিন পূর্বে নায়েম ওয়েব সাইট www.naem.gov.bd-এর প্রশিক্ষণ-সংক্রান্ত মেন্যুর>অন-লাইন রেজিস্ট্রেশন থেকে ফর্ম পূরণপূর্বক কোর্সে যোগদান করবেন;
৫. প্রশিক্ষণার্থীগণের থাকা-খাওয়া, শিক্ষা সফর এবং আনুষঙ্গিক খরচ বাবদ আনুমানিক ১৫,০০০/-(পনের হাজার) টাকা সঙ্গে আনতে হবে;
৬. সরকারি বিধি মোতাবেক প্রশিক্ষণ সমাপ্তির পর প্রশিক্ষণে অংশগ্রহণকারীগণ ভ্রমণ ও প্রশিক্ষণ ভাতার বিল নায়েম-এ পেশ করতে হবে। উক্ত বিল শিক্ষা মন্ত্রণালয়ের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার অফিস হতে অনুমোদনের পর অন লাইন ব্যাংকিং সিস্টেমে প্রশিক্ষণার্থীগণের নিজ নিজ ব্যাংক একাউন্টে প্রেরণ করা হবে। সেজন্য সংযুক্ত ছক যথাযথভাবে পূরণ করে আনতে হবে।
৭. প্রশিক্ষণার্থীগণকে রেজিস্ট্রেশনের জন্য পাসপোর্ট সাইজের দুই কপি রঙিন ছবি, অফিস ছাড়পত্র এবং জাতীয় পরিচয় পত্রের কপি।
৮. প্রশিক্ষণার্থীগণের জন্য নির্ধারিত ফি প্রদানপূর্বক আসন শূন্য থাকা সাপেক্ষে নায়েম হোস্টেলে অবস্থানের ব্যবস্থা আছে;
৯. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ এর স্মারক নং মাউশিপ্র/বা-ইউ/৫২৮০ তাং ১০-০১-৯৯ অনুসারে এ কোর্সে অংশগ্রহণ বাধ্যতামূলক। সুতরাং গ্রহণযোগ্য কোন কারণ ছাড়া কোর্সে অংশগ্রহণ করা থেকে বিরত থাকলে তার বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করার নির্দেশনা রয়েছে।
১০. প্রশিক্ষণ সংক্রান্ত কোনো বিষয় জানার প্রয়োজন হলে কোর্স পরিচালক প্রফেসর কে. এন. তামজিদুল হক, প্রশিক্ষণ বিশেষজ্ঞ, (মোবইল: ০১৭২৪৬৪১২০৯) ও কোর্স সমন্বয়ক জনাব মোজাম্মেল হক, সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) (মোবাইল: ০১৯২৩-৭৯৭২৭৮, ই-মেইল :mozammelhoquelata@gmail.com)-এর সাথে যোগাযোগ করা যেতে পারে।
১১. মনোনীত কর্মকর্তাগণকে অনলাইনে পূরণকৃত রেজিষ্ট্রেশন ফরম, অফিস ছাড়পত্র, জাতীয় পরিচয়পত্রের কপি, পাসপোর্ট সাইজের ২ কপি রঙিন ছবি এবং ১০ টাকা মূল্যমানের রাজস্ব স্ট্যাম্প সঙ্গে আনতে হবে।

২৩/০২/২০২৬
(প্রফেসর ড. সৈয়দা সারাহ শিমুল)
পরিচালক (প্রশিক্ষণ ও বাস্তবায়ন),নায়েম

প্রাপক: পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/বরিশাল/খুলনা/কুমিল্লা/সিলেট/রংপুর/ময়মনসিংহ অঞ্চল

নং: নং: ৩৭.০৪.০০০০.৩০০.২৫.০১৭.২২/ ১৮৮৫ (১০)

তারিখ: ১০.১১.১৪৩২ বঙ্গাব্দ
২৩.০২.২০২৬ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:
১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচচ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, শিক্ষা ভবন, ঢাকা (আমন্ত্রণপত্রসহ);
৩। পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন/ প্রশিক্ষণ ও বাস্তবায়ন/ গবেষণা ও তথ্যায়ন/ প্রশাসন ও অর্থ, নায়েম, ঢাকা;
৪। উপ-পরিচালক (কলেজ)/ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/বরিশাল/খুলনা/কুমিল্লা/সিলেট/রংপুর/ময়মনসিংহ অঞ্চল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর;
৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা;
৬। সকল হোস্টেল সুপারিনটেনডেন্ট, নায়েম, ঢাকা;
৭। প্রোগ্রামার, নায়েম, ঢাকা (আমন্ত্রণপত্র ও মনোনীত প্রতিষ্ঠান/প্রশিক্ষণার্থীর তালিকা নায়েমের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী;
৯। অফিস নথি।

২৩.০২.২০২৬
(প্রফেসর কে. এন. তামজিদুল হক)
প্রশিক্ষণ বিশেষজ্ঞ, নায়েম
ও
কোর্স পরিচালক

CS CamScanner